...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়ঃ ‘তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে’ আয়োজিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ৩১/০১/২০২৩ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | বেলা ০২.০০ ঘটিকা। |
| স্থান | সভা কক্ষ, মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মানিকগঞ্জ সদর। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব ড. মোঃ আয়াতুল ইসলাম সভাকে অবহিত করেন যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত তথ্য অধিকার কর্মপরিকল্পনার সুচক ১.৫.১-এ উল্লিখিত ‘তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে’ আওতাধীন স্টেকহোল্ডারদের অংশগ্রহণে সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। আলোচ্য সূচকের কার্যক্রম বাস্তবায়নে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে মর্মে যুগ্মসচিব ড. মোঃ আয়াতুল ইসলাম উল্লেখ করেন। সভাপতির নির্দেশক্রমে প্রকৌশলী ড. মোঃ সিরাজুল ইসলাম, অধ্যক্ষ, মানিকগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ তার প্রতিষ্ঠানের প্রকাশযোগ্য সকল তথ্য নোটিশবোর্ডে দৃশ্যমান রয়েছে মর্মে সভায় উল্লেখ করেন। সভাপতি জানান যে, মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ-এর ওয়েবসাইট ব্রাউজারে দৃশ্যমান নয়। অনতিবলম্বে প্রতিষ্ঠানের ওয়েবসাইট দৃশ্যমান করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে শিক্ষক-কর্মচারী, অভিভাবক ও শিক্ষার্থীগণকে অবহিতকরণ; | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে প্রতিষ্ঠানের সকল শিক্ষক-কর্মচারী, অভিভাবক ও শিক্ষার্থীগণকে অবহিতকরণের উদ্দেশ্যে তথ্য আইনের আওতায় সভা/সেমিনার আয়োজন করতে হবে; | অধ্যক্ষ, মানিকগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ |
| ২ | প্রতিষ্ঠানের নোটিশবোর্ড ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ; | প্রতিষ্ঠানের প্রবেশমুখে অবস্থিত নোটিশবোর্ড, নির্দেশিকা, শিক্ষক-কর্মচারীদের তালিকা ও সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | |
| ৩ | প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদকরণ; | অনতিবিলম্বে ইন্টারনেটে এই প্রতিষ্ঠানের ওয়েবসাইট দৃশ্যমান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে; | |
| ৪ | তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ-এর তথ্য ওয়েবসাইটে প্রকাশ ও নিয়মিত হালনাগাদকরণ। | তথ্য অধিকার আইন অনুযায়ী এই প্রতিষ্ঠানের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ-এর তথ্য ওয়েবসাইটে প্রকাশ ও নিয়মিত হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.৪২.০০১.২২.৩৩

তারিখ: ১৯ মাঘ ১৪২৯
০২ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা -২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)
৪) অধ্যক্ষ, মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মানিকগঞ্জ।
৫) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮) অফিস কপি।

বেগম রুজিনা সুলতানা
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল
www.tmed.gov.bd

**বিষয়ঃ 'তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে' আয়োজিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ আয়াতুল ইসলাম<br>যুগ্মসচিব<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। |
| সভার তারিখ | : | ২৯/০৩/২০২৩ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | : | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | সভা কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট<br>বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব রুজিনা সুলতানা এ বিভাগের তথ্য অধিকার কর্মপরিকল্পনার সূচক ১.৫.১-এ উল্লিখিত 'তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে' স্টেকহোল্ডারদের অংশগ্রহণে সভা আয়োজনের প্রয়োজনীয়তার বিষয়টি অবহিত করেন। সভায় অংশীজনদের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী ও স্থানীয় অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচ্য সূচকের কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে মর্মে উপসচিব জনাব রুজিনা সুলতানা উল্লেখ করেন। সভাপতির নির্দেশক্রমে ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট-এর অধ্যক্ষ প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ প্রতিষ্ঠানের প্রকাশযোগ্য সকল তথ্য ওয়েবসাইট এবং নোটিশবোর্ডে দৃশ্যমান রয়েছে মর্মে অবহিত করেন। ওয়েবসাইটে ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট-এর তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকৃত অবস্থায় দৃশ্যমান হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। তবে এপিএ, বাজেট, জিআরএসসহ অন্যান্য কয়েকটি সেবাবক্স তৈরি ও বিদ্যমান সেবাবক্সসমূহ হালনাগাদ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের নোটিশবোর্ড ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ; | প্রতিষ্ঠানের প্রবেশমুখে অবস্থিত নোটিশবোর্ড, নির্দেশিকা, শিক্ষক-কর্মচারীদের তালিকা ও সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট |
| ২ | প্রতিষ্ঠানের ওয়েবসাইটে বিদ্যমান সেবাবক্স হালনাগাদকরণ ও নতুন সেবাবক্স তৈরি; | অনতিবিলম্বে ইন্টারনেটে এই প্রতিষ্ঠানের বিদ্যমান সকল সেবাবক্স হালনাগাদকরণ ও এপিএ, বাজেট, জিআরএসসহ অন্যান্য কয়েকটি সেবাবক্স তৈরির ব্যবস্থা গ্রহণ করতে হবে; | |
| ৩ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক ও শিক্ষার্থীগণকে অবহিতকরণ; | তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক ও শিক্ষার্থীগণকে অবহিতকরণের উদ্দেশ্যে সভা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন করতে হবে; | |
| ৪ | তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ-এর তথ্য ওয়েবসাইটে প্রকাশ ও নিয়মিত হালনাগাদকরণ। | তথ্য অধিকার আইন অনুযায়ী এই প্রতিষ্ঠানের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ-এর তথ্য ওয়েবসাইটে প্রকাশ ও নিয়মিত হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৩/২৩
(ড. মোঃ আয়াতুল ইসলাম)
যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা)

নং- ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০১.২০-৩৬

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)
৩। অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অফিস কপি।

৩০/০৩/২০২৩
(রুজিনা সুলতানা)
উপসচিব